মেহেরপুরে পরিবেশ রক্ষায় জনসচেতনামূলক সভা অনুষ্ঠিত

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুরে পরিবেশ রক্ষায় জনসচেতনামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা ১১টার দিকে মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের কার্যালয়ে এ জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়।

সভায় মাটি, পানি, বায়ু ও শব্দ দূষণ, বর্জ্য ব্যবস্থাপনা এবং জীববৈচিত্র্য সংরক্ষণের গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী। প্রধান আলোচক ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান) নিগার ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন এবং মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু।

সভায় বক্তারা বলেন, পরিবেশ রক্ষায় সবার সচেতনতা ও অংশগ্রহণ অত্যন্ত জরুরি। মাটি, পানি ও বায়ুর দূষণ রোধে ব্যক্তি ও সামাজিক উদ্যোগ একত্রে কাজ করতে হবে।

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর পৌর শাখার ২ নম্বর ওয়ার্ডে এক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৪টার দিকে মেহেরপুর পৌর এলাকার ২ নম্বর ওয়ার্ডে ২ নম্বর ওয়ার্ড বিএনপি’র আয়োজনে এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ২ নম্বর ওয়ার্ড বিএনপি’র সভাপতি

শামসুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপ’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

২ নম্বর ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক ইমন বিশ্বাসের সঞ্চালনায় কর্মীসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা এবং সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা।

এছাড়াও উপস্থিত ছিলেন, আমদহ ইউনিয়নের মহিলা বিষয়ক সম্পাদক রাকিবা খাতুন রাখী, মহিলা দলের নেত্রী নবীনা খাতুন, পলি খাতুনসহ স্থানীয় নারী নেতৃবৃন্দ।

কর্মীসভায় বক্তারা বলেন, দলের তৃণমূলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করতে প্রত্যেক ওয়ার্ডে নারী কর্মীদের সম্পৃক্ততা বাড়াতে হবে। আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা।

দামুড়হুদা সদর ইউনিয়ন জাকের পার্টির সাংগঠনিক র্যালি ও জনসভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়ন জাকের পার্টি ও সকল অঙ্গ সংগঠনের আয়োজনে গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা থানা জাকের পার্টির কার্যালয়ের সামনে চিৎলায় প্রথমে আলোচনা সভা অনুষ্ঠিত হয় পরবর্তীতে জাকের পার্টির সাংগঠনিক নির্বাচনী র্যালি শুরু হয়ে চিৎলা মোড় হয়ে পুনরায় কার্যালয়ের সামনে এসে রওজা যিয়ারতের মধ্যে দিয়ে শেষ হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন জাকের পার্টির সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ভার্চুয়ালি বক্তব্য

রাখেন চুয়াডাঙ্গা জেলা জাকের পার্টির সভাপতি, কেন্দীয় স্থায়ী কমিটির সদস্য ও কেন্দ্রীয় উপ-প্রেস সচিব আব্দুল লতিফ খান যুবরাজ এসময় তিনি বলেন সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ হওয়ার কোন বিকল্প নেই। সাম্য ও ভাতৃত্ববোধের মাধ্যমে ইনসাফ ভিত্তিক সমাজ ব্যবস্থা গড়ে তোলায় জাকের পার্টির প্রধান লক্ষ্য। তিনি আরো বলেন বর্তমানে কৃষক তার ন্যায্য মূল্যে কৃষি উপকরণ পাচ্ছে না, শিক্ষা ও স্বাস্থ্য সেবায় ক্রমাগত অবনতি হচ্ছে। জুলুম নির্যাতনের শিকার মানুষজন তার সঠিক বিচার পাচ্ছে না। সমাজে নানা রকম বৈষম্য পরিলক্ষিত হচ্ছে। এ সমস্ত সমস্যা থেকে বেরিয়ে আসতে হলে আগামী সাংসদ নির্বাচনে জাকের পার্টির গোলাপ ফুল মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করে শ্রেনী বৈষম্যহীন সমাজ ব্যবস্থা গড়ে তুলতে হবে।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় তালাবা ফ্রন্টের সদস্য মাওলা মুফতি কামাল হোসেন আশিকী, জেলা জাকের পার্টির সাধারণ সম্পাদক মজিবর রহমান, জেলা জাকের পার্টির যুগ্ম-সাধারণ সম্পাদক রহুল কুদ্দুস, জেলা শ্রম ফ্রন্টের সভাপতি তক্কেল খাঁন, কৃষক ফ্রন্টের সভাপতি আব্দুল মজিদ, জেলা মহিলা ফ্রন্টের সাধারন সম্পাদিকা হাফিজা খাতুন,জেলা যুবফ্রন্টের সভাপতি রুস্তম মল্লিক, সাধারণ সম্পাদক তাফসির আহম্মেদ, ছাত্রী ফ্রন্টের সভানেত্রী নাসরিন খাতুন, দামুড়হুদা থানা জাকের পার্টির সাধারন সম্পাদক আব্দুল হাই মেম্বার, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মজনু মিয়া।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, দামুড়হুদা থানা জাকের পার্টির সভাপতি মোনাজাত হোসেন।

মুজিবনগরে ৩ দিনব্যাপী তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

মুজিবনগরে ৩ দিনব্যাপী তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠিত হয়েছে। এফসিডিও’র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট

(YPAG)

আলমডাঙ্গায় প্রাণীসম্পদ উন্নয়নমূলক সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় প্রানীসম্পদ উন্নয়নমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সঠিক তথ্যের ভিত্তিতে ও পারস্পরিক সম্পর্ক উন্নয়নের মাধ্যমে প্রাণীসম্পদ খাতের উন্নয়ন—এই প্রতিপাদ্যকে সামনে রেখে আলমডাঙ্গায় উন্নয়নমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৪টার দিকে উপজেলা প্রাণীসম্পদ অফিস প্রাঙ্গণে এ মতবিনিময় সভার আয়োজন করে আলমডাঙ্গা উপজেলা প্রাণীসম্পদ দপ্তর।

সভায় সভাপতিত্ব করেন, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. এস. এম. মাহমুদুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মোহাম্মদ শাহাবুদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে ডা. শাহাবুদ্দিন বলেন, “চুয়াডাঙ্গা জেলার মধ্যে আলমডাঙ্গা উপজেলা সবচেয়ে বড়। এখানে খুলনা বিভাগের সবচেয়ে বড় পশুর হাট রয়েছে, আছে ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউটও। আলমডাঙ্গায় বিপুল সংখ্যক খামারি রয়েছেন, যাদের অংশগ্রহণে প্রাণীসম্পদ খাত দ্রুত এগিয়ে যাচ্ছে। আমরা চাই পারস্পরিক সহযোগিতার মাধ্যমে এই সম্ভাবনাকে আরও এগিয়ে নিতে।”

তিনি আরও জানান, প্রতি কোরবানির ঈদে শুধু আলমডাঙ্গা উপজেলা থেকেই চার থেকে পাঁচ হাজার গরু দেশের বিভিন্ন অঞ্চলে পাঠানো হয়। উপজেলা প্রাণীসম্পদ দপ্তর বর্তমানে ২৩টি সমিতির মাধ্যমে প্রান্তিক খামারিদের সেবা দিচ্ছে।

সভায় বিশেষ অতিথি ছিলেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মোস্তাফিজুর রহমান, এনসিপি জেলা কমিটির সদস্য হাসানুজ্জামান, উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. এ. এন. এম. মোস্তাকিম মুকুট।

এছাড়া প্রাণীসম্পদ বিভাগের কর্মকর্তাদের উপস্থাপনায় বক্তব্য দেন, সিনিয়র সাংবাদিক হামিদুল ইসলাম, ইউনিয়ন ভেটেরিনারি সুপারভাইজার

কামাল হোসেন এবং খামারি কোকিলা খাতুন।

বক্তারা বলেন, মাঠপর্যায়ে প্রাণীসম্পদ বিভাগের সেবার মান আরও বাড়াতে তথ্য-উপাত্তের সঠিক ব্যবহার ও কর্মকর্তা-খামারিদের মধ্যে যোগাযোগ বাড়াতে হবে। সভা শেষে উপস্থিত কর্মকর্তারা উপজেলা পর্যায়ে খামারিদের জন্য প্রশিক্ষণ, রোগ প্রতিরোধ কার্যক্রম জোরদার ও দপ্তরের সেবা আরও সহজলভ্য করার প্রত্যয় ব্যক্ত করেন।

মুজিবনগর প্রেসক্লাবের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগর প্রেসক্লাবের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় ক্লাব সভাকক্ষে প্রেসক্লাবের সদস্যদের নিয়ে অনুষ্ঠিত এ সভায় সমসাময়িক বিভিন্ন বিষয়ে আলোচনা ও প্রেসক্লাব কেন্দ্রিক গুরত্বপূর্ণ সিদ্ধান্ত সদস্যদের সাথে আলোচনার মধ্য দিয়ে গ্রহণ করা হয়।

মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স এর সভাপতিত্বে মাসিক সাধারণ সভায় প্রেন্সক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান এর উপস্থাপনায় সভায় উপস্হিত ছিলেন, ক্লাবের সহসভাপতি খাইরুল বাসার, সাংগঠনিক সম্পাদক সানোয়ার হোসেন, কোষাধ্যক্ষ শেখ শফিউদ্দিন, দপ্তর সম্পাদক শাকিল রেজা, সদস্য রেজাউল করিম ও জাহিদ হাসান।

দর্শনা মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিক্ষার গুণগত মান উন্নয়নে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হলরুমে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এ মতবিনিময় সভায় দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা বালিকা বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি শফিকুল ইসলাম শাবু তরফদার। এসম তিনি বলেন, শিক্ষার বর্তমান অবস্থা, ভবিষ্যৎ পরিকল্পনা, শিক্ষার্থীদের নৈতিক ও মানসিক বিকাশ, শিক্ষার উন্নয়নে শুধু শিক্ষক বা প্রতিষ্ঠানের নয়, অভিভাবক ও সমাজের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন।

প্রধান অতিথি তার বক্তব্যে আরো বলেন, “একটি শিক্ষিত জাতি গড়তে হলে আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে। শিক্ষার মানোন্নয়নের জন্য আমি সবসময় আপনাদের পাশে আছি এবং থাকব।”

এসময় উন্মুক্ত আলোচনার মাধ্যমে অনুষ্ঠিত হয়, যেখানে শিক্ষকবৃন্দরা শিক্ষাব্যবস্থার বিভিন্ন দিক নিয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাসমত আলী, শিক্ষক সাইদুর রহমান, মাহমুদা, শামসুন নাহার তুলি, হাসান আলী, নাসরিন আক্তারী, হাফিজুর রহমান, রফিকুল ইসলাম, মেহবুব, শামসুন নাহার হীরা, সঞ্চিতা রাণী, শারমিন সুলতানা, সাথী রাণী, আব্দুস সালাম, কামাল হোসেন, খোরশেদ আলম প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন শিক্ষক রফিকুল ইসলাম।

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জননেতা অ্যাডভোকেট কামরুল হাসান।

আরও উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সভাপতি বড় বাবু, সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা প্রমুখ।

বামন্দী ইউনিয়ন বিএনপির পরিচিতি সভা অনুষ্ঠিত

আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন বিএনপির নবনির্বাচিত নির্বাহী কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বেলা ১১ টার সময় বামন্দী ইউনিয়ন পরিষদ হলরুমে এই পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

বামন্দী ইউনিয়ন বিএনপির নবনির্বাচিত কমিটির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, মুনজুর হোসেন টকি।

বামন্দী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নওশাদ আলীর সঞ্চালনায় অনুষ্ঠিত পরিচিতি সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির কোষাধ্যক্ষ মহিবুল ইসলাম পলাশ, গাংনী উপজেলা বিএনপির উপজেলা বিএনপির সহ কোষাধ্যক্ষ আজগর আলী, রেজানুর রহমান রাজন,

বামন্দী ইউনিয়ন বিএনপির সহসভাপতি রেজাউল হক, বামন্দী ইউনিয়ন বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আনিসুল হক, ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক মোশাররফ হোসেন, উপজেলা বিএনপির নেতা আব্দুল হান্নান, আব্দুল্লাহ শাওন,মেহেদী হাসান সম্রাট প্রমুখ।

এসময় নবনির্বাচিত কমিটির সদস্যদের ফুল দিয়ে বরণ করেন রাশিদুল ইসলাম সোহাগ ও সাধারণ সম্পাদক নওশাদ আলী।

আলমডাঙ্গা বেলগাছিতে জামায়াতের পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামের পূর্বপাড়ায় বাংলাদেশ জামায়াতে ইসলামের উদ্যোগে এক পথসভা অনুষ্ঠিত হয়। গতকাল মঙ্গলবার এই সভা অনুষ্টিত হয়েছে। উক্ত পথসভায় সভাপতিত্ব করেন, বেলগাছি গ্রামের ৯ নং ওয়ার্ড সভাপতি আনিসুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি এবং মনোনীত প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল। তিনি বলেন, “ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা এবং সৎ ও যোগ্য নেতৃত্বের মাধ্যমে এলাকার উন্নয়নের জন্য আমি আপনাদের সন্তান হিসেবে দোয়া চাই।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন হলুদ বিষয়ক সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, উপজেলা আমীর ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী প্রভাষক শফিউল আলম বকুল, উপজেলা সেক্রেটারি মামুন রেজা, শ্রমিক কল্যাণ সভাপতি আলহাজ মেহেদী হাসান, শফিউজ্জামান মিঠু, ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, সহ-সভাপতি মাওলানা শহিদুল হক, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা শওকত আলী, ইউনিয়ন নির্বাচন বিভাগের পরিচালক জহিরুল ইসলাম মজনু, ইউনিয়ন সরকারি সেক্রেটারি আব্দুল জব্বার, ফরিদপুর ২ নম্বর ওয়ার্ড সভাপতি আহসান হাবিব, কাশিপুরে সভাপতি আতিয়ার রহমান, কেদারনগরের সভাপতি লুৎফার রহমান, বেলগাছি

গ্রামের ৭নং ওয়ার্ড সভাপতি রওশন শেখ, ৮ নং ওয়ার্ড সভাপতি আলাইহিম, যুব বিভাগের সভপতি শরিফুল ইসলাম শরীফ, সেক্রেটারি সাব্বির আহমেদ, শ্রমিক কল্যাণের ইউনিয়ন সভাপতি বেলগাছি আশরাফুল আলম, গ্রাম কমিটির সভাপতি খোকন মাসুদ, ডামোশ গ্রাম কমিটির সভাপতি জয়নাল আবেদীন, ফরিদপুরের সহ-সভাপতি মানোয়ার হোসেন। আরো উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম মনি,২নং ওয়ার্ড সভাপতি আহসান হাবীব, শ্রমিক কল্যাণের সভাপতি বাবলুর রহমান প্রমুখ।